

## উপজেলা সমবায় কার্যালয় সখিপুর, টাঙ্গাইল।

### সিটিজেন চার্টার

#### নিবন্ধন ও উপ-আইন সংশোধনঃ-

- ❖ সমবায় সমিতির নিবন্ধন সংক্রান্ত আবেদনপত্র প্রাপ্তি হওয়ার পরে তৎ সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক যাচাই বাছাইয়ের পর উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রয়োজনীয় মন্তব্যসহ নিবন্ধনের জন্য জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করা হয়।
- ❖ বি.আর.ডি.বি- ভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়।
- ❖ বি.আর.ডি.বি- ভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের সময় সমবায় সমিতি পরিচালনার সুনির্দিষ্ট বিধানাবলী সমন্বিত উপ-আইন নিবন্ধন করা হয় এবং পরবর্তীতে প্রয়োজনবোধে উপ-আইনের সংশোধনী নিবন্ধন করা হয়।
- ❖ প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন ফি- ৩০০/= টাকা।

#### ব্যবস্থাপনা, অডিট ও পরিদর্শন ঃ-

- ❖ সমিতির ব্যবস্থাপনা গণতান্ত্রিকভাবে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটি কর্তৃক পরিচালিত হয়।
- ❖ কোন সমবায় সমিতি নির্বাচন করায় ব্যর্থ হলে প্রযোজ্যক্ষেত্রে আইনের আওতায় অন্তর্বর্তী কমিটি নিয়োগ করা হয়।
- ❖ উপজেলা সমবায় কর্মকর্তা কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী বা ব্যক্তিদ্বারা প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বার্ষিক নিরীক্ষা সম্পাদন করা হয়। একই সঙ্গে জেলা সমবায় কর্মকর্তা কর্তৃক বরাদ্দের প্রেক্ষিতে উপজেলা সমবায় অফিসার দ্বারা প্রাথমিক সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বাৎসরিক নিরীক্ষা সম্পাদন করা হয়।
- ❖ সমিতিতে সংগঠিত যে কোন অনিয়ম উপজেলা সমবায় অফিসার পরিদর্শন কিংবা তদন্তের মাধ্যমে কিংবা উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করে নিষ্পত্তি করেন।

#### প্রশিক্ষণঃ-

- ❖ কুমিল্লা শহরের উপকণ্ঠে কোটবাড়ীতে অবস্থিত দেশের শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমী এবং ফরিদপুর ও মুন্সীগঞ্জ, ময়মনসিংহ আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটে সমবায় সমিতির সদস্যদের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়।
- ❖ প্রতিটি জেলা কার্যালয়ে অবস্থিত ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট উপজেলায় সমিতিতে গিয়ে সদস্য প্রশিক্ষণ দিয়ে থাকে।
- ❖ সমবায় অমিদগুরের ঢাকাছ সদর কার্যালয় ও বাংলাদেশ সমবায় একাডেমীতে অবস্থিত ২টি অত্যাধুনিক কম্পিউটার ল্যাব এর মাধ্যমে সদস্য ও সমবায় অমিদগুরের কর্মকর্তা/কর্মচারীদের আধুনিক প্রযুক্তিগত প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে।